

মৎস্য এবং প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্য বিবরণী :

সভার তারিখ :- ০৬/১০/২০২২ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০টা

সভার স্থান :- উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, পানছড়ি।

সভাপতি :- জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	ডা: সমাপন চাকমা	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পানছড়ি	স্বাক্ষরিত
০২.	জয় কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লোগাং ইউনিয়ন, পানছড়ি	স্বাক্ষরিত
০৩.	ভূমিধর রোয়াজা	চেয়ারম্যান, ৪নং লতিবান ইউনিয়ন, পানছড়ি	স্বাক্ষরিত
০৪.	প্রিয় কান্তি চাকমা	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি	স্বাক্ষরিত

মৎস্য বিভাগ

১। মৎস্য সম্প্রসারণ কার্যক্রম :

লক্ষ্যমাত্রা ও অর্জন	সম্প্রসারণ কার্যক্রম (২০২২-২০২৩)						
	অফিসে পরামর্শ প্রদান	উপজেলা পরিষদের অর্থানুকূল্যে মাছচাষ প্রদর্শনী খামার পরিচালনা	প্রকল্পের অধীন প্রদর্শনী খামার পরিচালনা	উপজেলা/জেলা পরিষদের অর্থ নাসারী স্থাপন	প্রশিক্ষণ প্রাপ্ত চাষীর খামার পরিদর্শন	ব্যাংক ঋণ প্রাপ্তিতে চাষীদের সহযোগীতা প্রদান	মৎস্য আইন বাস্তবায়ন/মোবাইল কোর্ট পরিচালনা
	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা
লক্ষ্যমাত্রা	৭৫	০১	১০	০১	৬০	১২	০২
অর্জিত (প্রতিবেদনাদীন মাসে)	০৫	-	-	-	০৬	-	-
ক্রমপূর্ণিত	১৫	-	-	-	১৮	-	০১

২। এডিপি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেট হতে মৎস্য খাতে প্রকল্প প্রস্তাব :

ক) অত্র উপজেলাধীন অধিকাংশ মাছচাষী এখনও সনাতন পদ্ধতিতে মাছ চাষ করেন। ফলে আশানুরূপ মাছের উৎপাদন পাওয়া যায় না। সাধারণ জনগণকে মাছচাষে উদ্বুদ্ধ করতে এবং অগ্রহী উদ্যোক্তা সৃষ্টি, কারিগরি দক্ষতা বৃদ্ধি আনয়নের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য বিভাগীয় সরকারী অর্থ বরাদ্দের পাশাপাশি উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেটে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য গুরুত্বারোপ করা হয়। (প্রাক্কলন সংযুক্ত)

উপজেলা পরিষদের নিকট সুপারিশ : উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে “কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ” বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হলো।

প্রাণিসম্পদ বিভাগ

ক) সম্প্রসারণ কার্যক্রম :

- ১। ক) সাধারণ রোগ প্রতিরোধ গবাদি পশু চিকিৎসা - ১১২০ টি।
খ) সাধারণ রোগ প্রতিরোধ হাঁস-মুরগি চিকিৎসা - ৯২০৩ টি।
- ২। উঠান বৈঠক সংখ্যা - ০৪ টি।
- ৩। খামার পদর্শন - ০৫টি।

খ) এডিপি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেট হতে প্রাণিসম্পদ খাতে প্রকল্প প্রস্তাব :

গবাদি রোগ প্রতিরোধ কল্পে এবং প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে খামারীদের ন্যূনতম ০৩ (তিন) দিন গবাদি ও হাঁস-মুরগী পালন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বরাদ্দ প্রয়োজনের আলোচনা উদ্ভাপিত হয়। (প্রশিক্ষণ ব্যয় প্রাক্কলন সংযুক্ত)

উপজেলা পরিষদের নিকট সুপারিশ : উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে “গবাদি ও হাঁস-মুরগী খামারী প্রশিক্ষণ প্রকল্প” বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

০৬/১০/২০২২

(চন্দ্র দেব চাকমা)

উপজেলা প্যানেল চেয়ারম্যান

ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি

পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৩৩.০২.৪৬৭৭.৫০১.৩৪.০০১.২২- ১০৪/১(৭)

তারিখ : ০৬/১০/২০২২খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।
২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি।
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
৪। চেয়ারম্যান, ১নং লোগাং ইউপি এবং সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি, পানছড়ি।
৫। চেয়ারম্যান, ৪নং লতিবান ইউপি এবং সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি, পানছড়ি।
৬। অফিস কপি।



০৬/১০/২০২২

(প্রিয় কান্তি চাকমা)

উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি

পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।